গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
হবিগঞ্জ।
www.cs.habiganj.gov.bd

স্মারক নং- সিসাহবি/শা-৪/নিয়োগ-২৫/৪৪৩৭ তারিখঃ- ০১/০৯/২০২৫ খ্রি.।

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/১সি-০২/২০১২-১৪৩৮ তারিখ- ১৭ মে ২০২৫ ইং মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, হবিগঞ্জ ও তার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহে রাজস্ব (স্থায়ী/অস্থায়ী) খাতের অন্তর্ভুক্ত শূণ্য পদ সমূহে অস্থায়ী ভিত্তিতে ১১-২০ (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি) গ্রেডে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত স্বাপেক্ষে (http://cshabiganj.teletalk.com.bd/) অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও জাতীয় বেতন স্কেল ২০১৫ | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যেসকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১ | গাড়ি চালক (ড্রাইভার) | ০১ (এক) | গ্রেড-১৬ (হালকা লাইসেন্স) (৯৩০০-২২৪৯০/-) গ্রেড-১৫ (ভারী লাইসেন্স) (৯৭০০-২৩৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) ড্রাইভিং লাইসেন্স :<br>অ) গ্রেড-১৬ এর ক্ষেত্রে : হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>আ) গ্রেড-১৫ এর ক্ষেত্রে : ভারী গাড়ি চালনার বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্স;<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। | শুধুমাত্র হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | স্বাস্থ্য সহকারী | ১৩০ (একশত ত্রিশ) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৩ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৭ (সাত) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটারে ব্যবহারে দক্ষতা।<br>গ) কম্পিউটার টাইপিং এর ক্ষেত্রে সর্বনিম্ন গতি বাংলা প্রতি মিনিটে ২০ শব্দ এবং ইংরেজি প্রতি মিনিটে ২০ শব্দ। | |
| ০৪ | স্টোর কিপার | ০১ (এক) | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জামানত প্রদান করিতে হবে। | |
| ০৫ | ল্যাব এটেনডেন্ট | ০১ (এক) | গ্রেড-১৯ ৮৫০০-২০৫৭০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |
| ০৬ | অফিস সহায়ক | ০৪ (চার) | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; | |

**শর্তাবলীঃ-**

১। প্রার্থীকে জন্মসূত্রে হবিগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা ও বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। সকল আবেদনকারীর বয়স ০১/০৯/২০২৫ ইং তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) এবং সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর হতে হবে। উল্লেখ্য যে, বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৩। সিভিল সার্জনের কার্যালয়, হবিগঞ্জ এর স্মারক নং- সিসাহবি/শা-৪/নিয়োগ-২০২৩/২০৮৫ তারিখ- ১৯/০৭/২০২৩ খ্রি. মূলে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে স্বাস্থ্য সহকারী পদে যেসকল প্রার্থী ইতোঃপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তাদের আবেদন সঠিক থাকলে গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে এবং যোগ্য প্রার্থীদের উক্ত নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য যথাসময়ে প্রবেশপত্র ইস্যু করা হবে।

৪। সকল প্রার্থীর আবেদন শুধুমাত্র অনলাইনে গ্রহণ করা হবে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে।

৫। একই তারিখে সকল পদের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে বিধায় একজন প্রার্থীকে একাধিক পদে আবেদন করার বিষয়ে নিরুৎসাহিত করা হলো।

৬। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ও গাড়ী চালক পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ নিয়োগ বিধি মোতাবেক সংশ্লিষ্ট বিষয়ে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের যোগ্য হবেন।

৭। আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৮। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র (NOC)- এর মূলকপি জমা দিতে হবে।

**৯। নিয়োগ ও কোটা নির্ধারণের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।**

১০। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে ইউনিয়নের যে পুরাতন ওয়ার্ডের পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য পুরাতন ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে পুরাতন ওয়ার্ডের বাসিন্দা সে পুরাতন ওয়ার্ড অবশ্যই আবেদনপত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূণ্য পদের পুরাতন ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে একই ইউনিয়নের অন্য পুরাতন ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না এবং সংশ্লিষ্ট পুরাতন ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া না গেলে একই ইউনিয়নের অন্য পুরাতন ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

১১। প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতোপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) ও সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

[চলমান পাতা-০২]

১২। স্বাস্থ্য সহকারী পদে নিয়োগের ক্ষেত্রে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ৯৬৮২/২০১৭ এর ৩০/০৮/২০২৩ ইং তারিখের রায়, রিট পিটিশন নং ৬২৬০/২০২৪ এর ০৪/০৬/২০২৪ ইং তারিখের রায় এবং জেলা ও দায়রা জজ আদালত, হবিগঞ্জ এর বিবিধ আপিল নং ৩৭/২০২৪ এর ১৪/০১/২০২৫ ইং তারিখের রায় এ হবিগঞ্জ জেলার রিট পিটিশনকারীদের জন্য ১৪ (চৌদ্দ) টি স্বাস্থ্য সহকারী শূণ্য পদ সংরক্ষণের আদেশ দেওয়ায় নিম্নোক্ত শূণ্য পদ সমূহ সংরক্ষিত রাখার নিমিত্ত বানিয়াচং উপজেলার ০১নং বানিয়াচং উত্তর পূর্ব ইউনিয়নের পুরাতন ০৩ নং ওয়ার্ড, ২নং বানিয়াচং উত্তর পশ্চিম ইউনিয়নের পুরাতন ০১ ও ০২ নং ওয়ার্ড, ৪নং বানিয়াচং দক্ষিণ পশ্চিম ইউনিয়নের পুরাতন ০৩ নং ওয়ার্ড, ৫নং দৌলতপুর ইউনিয়নের পুরাতন ০২ নং ওয়ার্ড, ৯নং পুকড়া ইউনিয়নের পুরাতন ০৩ নং ওয়ার্ড, ১১নং মক্রমপুর ইউনিয়নের পুরাতন ০৩ নং ওয়ার্ড, ১২নং সুজাতপুর ইউনিয়নের পুরাতন ০২ নং ওয়ার্ড, ১৩নং মন্দরী ইউনিয়নের পুরাতন ০৩ নং ওয়ার্ড, ১৪ নং মুরাদপুর ইউনিয়নের পুরাতন ০৩ নং ওয়ার্ড, ১৫নং পৈলারকান্দি ইউনিয়নের পুরাতন ০২ ও ০৩ নং ওয়ার্ড; নবসৃষ্ট শায়েস্তাগঞ্জ উপজেলার ৮নং শায়েস্তাগঞ্জ ইউনিয়নের পুরাতন ০১ নং ওয়ার্ড (নতুন- ১, ২ ও ৩ নং ওয়ার্ড); মাধবপুর উপজেলার ১০নং ছাতিয়াইন ইউনিয়নের পুরাতন ০৩ নং ওয়ার্ড সমূহে নিয়োগ প্রদান করার সুযোগ নাই বিধায় বর্ণিত ইউনিয়নের ওয়ার্ড সমূহে স্বাস্থ্য সহকারী পদে নিয়োগ প্রক্রিয়া স্থগিত রাখা হয়েছে। উল্লেখ্য যে, ২০২৩ সালে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে বর্ণিত যে সকল ইউনিয়ন সমূহের পুরাতন ওয়ার্ড গুলোতে আবেদন গ্রহণ করা হয়েছিল বর্ণিত মামলা জনিত কারণে ঐ সকল ইউনিয়নের ওয়ার্ড সমূহের স্বাস্থ্য সহকারীর শূণ্য পদের বিপরীতে পরীক্ষা গ্রহণের সুযোগ নাই।

১৩। স্বাস্থ্য সহকারীর শূণ্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জন অফিস, হবিগঞ্জ এবং হবিগঞ্জ জেলার সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে পাওয়া যাবে।

১৪। প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোনো তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ ভুল তথ্য দিয়ে একাধিকবার ফরম পূরণ করে একাধিক প্রবেশপত্র গ্রহন করলে অথবা পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতার প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১৬। **আবেদনের নিয়মাবলী/শর্তাবলী ও সময়সীমা নিম্নরুপঃ-**

(ক) আগ্রহী পদ প্রার্থীগণ http://cshabiganj.teletalk.com.bd/ এ ওয়েবসাইটে Online- এ আবেদনপত্র প্রেরণ করতে পারবেন। ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশিকা মোতাবেক ফরম পূরণ করতে হবে।

(খ) Online এর আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮/০৯/২০২৫ ইং সকাল ১০.০০ ঘটিকা হতে

(গ) Online এর আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ২৮/০৯/২০২৫ ইং বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত।

(ঘ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

১৭। Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৩০০) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০Xপ্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB এবং স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB এর মধ্যে হতে হবে।

১৮। Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৯। প্রার্থী অনলাইন এ পূরণকৃত আবেদনের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

২০। **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ-**

Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant`s Copy পাবেন। উক্ত Applicant`s Copy প্রার্থী প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant`s Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ হইতে ০৪ পর্যন্ত পদের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ১১২/- (একশত বার) টাকা, ক্রমিক নং ০৫ হইতে ০৬ পর্যন্ত পদের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ৫৬/-(ছিয়ান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে অনগ্রসর নাগরিকগণ সকল পদের ক্ষেত্রে পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট (অফেরতযোগ্য) ৫৬/-(ছিয়ান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত online এর আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।

**১ম এসএমএস :**

CSHABIGANJ<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSHABIGANJ ABDCEF Send to 16222

Reply: Applicant's name, Tk. 112.00/56.00 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXX. To pay fee type CSHABIGANJ <space> Yes <space> PIN and send to 16222 নম্বরে।

**২য় এসএমএস :**

CSHABIGANJ<space>YES<space>Pin লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSHABIGANJ YES XXXXXXXXXX
Reply SMS: Congratulations Applicant`s Name, Payment completed successfully for CSHABIGANJ for Application for XXXXXXXX User ID is (ABDCEF) and password (XXXXXXX).

২১। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://cshabiganj.teletalk.com.bd/ অথবা www.cs.habiganj.gov.bd অথবা www.dghs.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। অনলাইন আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত মোবাইল নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনায় তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

২২। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

২৩। শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে CSHABIGANJ<space>Help<space>User<space>User ID and send to 16222.
Example : CSHABIGANJ HELP USER ABCDEF and send to 16222.
খ) PIN Number জানা থাকলে : CSHABIGANJ<space>Help<space>PIN<space>PIN No and send to 16222
Example : CSHABIGANJ HELP PIN 12345678.
Online এ আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা যেকোনো টেলিটক নাম্বার থেকে কল করুন ১২১ নাম্বারে।

[চলমান পাতা-০৩]

২৪। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্রসমূহের মূলকপি বাধ্যতামূলক ভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারি প্রথম শ্রেণির কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ সীল মোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ/সাময়িক সনদ/ প্রত্যয়ন পত্র, অভিজ্ঞতা সনদ ইত্যাদি।

খ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদ পত্র।

গ) চাকুরীর আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয় পত্র/ জন্ম নিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা ও সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ) জাতীয়তা ইত্যাদি সনদপত্র ।

ঘ) প্রথম শ্রেনির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদ পত্র/প্রমানক। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান কোটার আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান এর সনদপত্র।

চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর (উপজাতি/আদিবাসী) সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক ইস্যুকৃত সনদপত্র।

ছ) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত শারীরিক প্রতিবন্ধী সম্পর্কিত সনদপত্র।

জ) তৃতীয় লিঙ্গ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত তৃতীয় লিঙ্গ সম্পর্কিত সনদপত্র।

ঝ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমানক।

ঞ) ডাউনলোডকৃত Applicant's & Admit Card এর কপি।

২৫। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোনো শর্ত সংযোজন, সংশোধন, পরিবর্তন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৭। লিখিত, মৌখিক ও ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার ফলাফল পত্রিকায় প্রকাশ করা হবে এবং নিয়োগ সম্পর্কিত সকল তথ্য সিভিল সার্জন অফিসের নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে (www.cs.habiganj.gov.bd) পাওয়া যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাবে।

(ডাঃ রত্নদীপ বিশ্বাস)
সিভিল সার্জন, হবিগঞ্জ
ও
সদস্য সচিব
১১-২০ (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনি) গ্রেডের
জনবল নিয়োগ কমিটি, হবিগঞ্জ।

স্মারক নং- সিসাহবি/শা-৪/নিয়োগ-২৫/৪৪৩৭/৩৫ তারিখঃ- ০১/০৯/২০২৫ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরন করা হইলঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষনঃ উপসচিব (প্রশাসন-১ শাখা)।

০২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণঃ- সহকারী পরিচালক (সমন্বয়)।

০৩। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।

০৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। উপরোক্ত বিজ্ঞপ্তি খানা স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হইল।

০৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।

০৬। জেলা প্রশাসক, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

০৭। পুলিশ সুপার, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

০৮। উপজেলা নির্বাহী অফিসার.............................(সকল), জেলা- হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,...................(সকল), জেলা- হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

১০। জেলা তথ্য অফিসার, হবিগঞ্জ/জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, হবিগঞ্জ। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ)।

১১। ........................................, হবিগঞ্জ।

১২। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হবিগঞ্জ।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্সিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং #৩/এ,৫/এ, ৭/এ, রোড#১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (উল্লেখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৪। সম্পাদক, ..................................................................। উপরোক্ত বিজ্ঞপ্তি খানা আপনার প্রকাশিত পত্রিকায় ০১ (এক) দিন প্রকাশকরণ এবং প্রকাশিত পত্রিকার নমুনা কপি ০৫ (পাঁচ) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হইল।

১৫। নোটিশ বোর্ড, অত্রাফিস।

১৬। অফিস কপি।

(ডাঃ রত্নদীপ বিশ্বাস)
সিভিল সার্জন, হবিগঞ্জ
ও
সদস্য সচিব
১১-২০ (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেনি) গ্রেডের
জনবল নিয়োগ কমিটি, হবিগঞ্জ।